# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৮৫

২৭/ আদব

পরিচ্ছেদঃ সফরের আদব-কায়দা বৃহস্পতিবার সকালে সফরে বের হওয়া উত্তম

## আরবী

وَعَنْ صَخْرٍ بْنِ وَدَاعَةَ الغَامِدِيِّ الصَّحَابِيِّ أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ قَالَ اللَّهُمَّ بَارِكْ لأُمَّتِي فِي بُكُورِهَا وَكَانَ إِذَا بَعَث سَرِيَّةً أَوْ جَيْشاً بَعَثَهُمْ مِنْ أَوَّلِ النَّهَارِ وَكَانَ صَخْرٌ تَاجِراً وَكَانَ يَبْعَثُ تِجَارَتَهُ أَوَّلَ النَّهَارِ فَأَثْرَى وَكَثُرَ مَالُهُ رواه أَبُو داود والترمذي، وَقَالَ حديث حسن

## বাংলা

(৩১৮৫) স্বাখর ইবনে অদাআহ গামেদী (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, হে আল্লাহ! তুমি আমার উম্মতের জন্য তাদের সকালে বরকত দাও। আর তিনি যখন সেনার ছোট বাহিনী অথবা বড় বাহিনী পাঠাতেন, তখন তাদেরকে সকালে রওয়ানা করতেন। স্বাখর ব্যবসায়ী ছিলেন। সুতরাং তিনি তাঁর ব্যবসার পণ্য সকালেই প্রেরণ করতেন। ফলে তিনি (এর বরকতে) ধনী হয়ে গিয়েছিলেন এবং তাঁর মাল প্রচুর হয়েছিল।

## ফুটনোট

(আবূ দাঊদ ২৬০৮, তিরমিযী ১২১২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66933

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন